



## আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

০৯ আষাঢ় ১৪২৯

২৩ জুন ২০২২

### প্রশাসনিক পরিপত্র নং- ১৪/২০২২

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এ ইনভেস্টরস্ স্কীমের আওতায় “বিনিয়োগ হিসাবে সুদ মওকুফ এবং মার্জিন হিসাব সমন্বয়/নিষ্পত্তি নীতিমালা-২০২১” অনুযায়ী আইসিএমএল রাজশাহী শাখা হতে শর্তসাপেক্ষে বিনিয়োগ হিসাবে সুদ মওকুফ/সমন্বয়/নিষ্পত্তি সুবিধা প্রদান করা হয়। উক্ত শাখার বিনিয়োগ হিসাব নং-৪৭৩২ এর সুদ মওকুফ/সমন্বয়/নিষ্পত্তি প্রদানকালে কিছু অসুবিধার সৃষ্টি হয় যা শাখা কর্তৃক ০৫.১০.২০২১ তারিখের আইসিএমএল/রাজ/২৭৩৫ ও ২২.০২.২০২২ তারিখের আইসিএমএল/রাজ/৩১০০ সংখ্যক পত্রের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে রাজশাহী শাখার বিনিয়োগ হিসাব নং- ৪৭৩২ এর হিসাব পরিচালনাকারী আলহাজ্জ এ.এম.মোস্তাফিজ মিঞা প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে উক্ত বিনিয়োগ হিসাবে অনিয়ম হয়েছে মর্মে মৌখিকভাবে অভিযোগ করেন।

০২। রাজশাহী শাখার বিনিয়োগ হিসাব নং-৪৭৩২ এর হিসাব পরিচালনাকারীর অভিযোগের বিষয়ে সুষ্ঠু তদন্তের নিমিত্ত নিম্নোক্ত কর্মচারীগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ

- |  |            |
|--|------------|
| ০১. জনাব মোঃ সেলিম বেগ<br>অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা<br>(অপারেশনাল উইং)                    | আহবায়ক    |
| ০২. জনাব মোঃ তৈয়বুর রহমান<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার<br>ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট | সদস্য-সচিব |
| ০৩. জনাব মোঃ রোকন উদ্দিন<br>প্রোগ্রামার<br>কম্পিউটার ডিপার্টমেন্ট                                  | সদস্য      |

০৩। কমিটি অভিযোগের বিষয়টি তদন্তপূর্বক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নিকট প্রয়োজনীয় সুপারিশসহ তদন্ত প্রতিবেদন দাখিল করবে;

০৪। কমিটি প্রয়োজনে যে কোন কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(দীপক কুমার দত্ত)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
- ০৬। অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।